

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১২.১৮. ৩৯২

তারিখঃ ২৫ ভাদ্র ১৪২৫
১৭ সেপ্টেম্বর ২০১৮

অভিযোগনামা

যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম (১৫১৪৮), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), সরকারি শাহবাজপুর কলেজ, লালমোহন, ভোলা গত ১৭.১০.২০১৭ তারিখ থেকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে কলেজের অধ্যক্ষ কর্তৃক আপনাকে একাধিকবার কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও আপনার সন্তোষজনক জবাব পাওয়া যায়নি এবং আপনি কলেজে লাগাতার অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক “অসদাচরণ” ও “ডিজারশন” এর অভিযোগে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে আপনাকে কেন “চাকরি হতে বরখাস্ত (Dismissal from Service)” করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ এ বিধির ৭(১)বি ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগবিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

সোহরাব হোসাইন

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব

বর্তমান কর্মস্থল:

জনাব মোঃ রফিকুল ইসলাম (১৫১৪৮)

সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), সরকারি শাহবাজপুর কলেজ, লালমোহন, ভোলা।

স্থায়ী ঠিকানা:

গ্রাম- নাজিরপুর, ডাকঘর-পুখুরিয়া

উপজেলা-ভাঙ্গা, জেলা- ফরিদপুর।

অনুলিপি:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম (১৫১৪৮), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), সরকারি শাহবাজপুর কলেজ, লালমোহন, ভোলা গত ১৭.১০.২০১৭ তারিখ থেকে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে কলেজের অধ্যক্ষ কর্তৃক তাকে একাধিকবার কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলেও তার সন্তোষজনক জবাব পাওয়া যায়নি এবং তিনি কলেজে লাগাতার অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম (১৫১৪৮), সহকারি অধ্যাপক (ব্যবস্থাপনা), সরকারি শাহবাজপুর কলেজ, লালমোহন, ভোলা-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে অভিযুক্ত করা হলো।

সোহরাব হোসাইন

(মোঃ সোহরাব হোসাইন)

সচিব